গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইন্সট্রাক্টর এর কার্যালয়
উপজেলা রিসোর্স সেন্টার
কাহালু, বগুড়া।
urc.kahaloo.bogra.gov.bd

স্মারক নং: ৩৮.০১.১০৫৪.০০০.২৫.০১৪.২৩-১৯

তারিখ: ০৪ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ
১৮ মার্চ, ২০২৪ খ্রি.

**বিষয় ঃ SEND এর আওতায় ''একীভূতকরণের কৌশল: শিখন-শেখানো এবং মূল্যায়ন" বিষয়ক প্রশিক্ষণে ডেপুটেশন প্রদান প্রসঙ্গে।**
সূত্র ঃ ৩৮.০১.০০০০.৪০১.২৫.১৫৬.২১.৩০৯, তারিখ ঃ ১২/০৩/২০২৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সবিনয়ে জানানো যাচ্ছে যে, পরিচালক (পলিসি এন্ড অপারেশন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা মহোদয় SEND এর আওতায় "একীভূতকরণের কৌশল: শিখন-শেখানো এবং মূল্যায়ন" বিষয়ক প্রশিক্ষণ আয়োজনের নির্দেশনা দিয়েছেন। উক্ত প্রশিক্ষণ নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী অত্রাফিসে পরিচালিত হবে। উক্ত প্রশিক্ষণে সংযুক্ত নীতিমালা অনুযায়ী প্রতি ব্যাচে ৩০ জন শিক্ষককে প্রশিক্ষণার্থী ও ToT প্রশিক্ষণপ্রাপ্ত ১ জন সহকারী উপজেলা শিক্ষা অফিসার এবং ১ জন শিক্ষককে প্রশিক্ষক হিসেবে ডেপুটেশন প্রদান ও অংশগ্রহণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

| ব্যাচ নং | তারিখ | ব্যাচ নং | তারিখ |
|---|---|---|---|
| ১ম | ২৩/০৩/২০২৪ খ্রি. থেকে ২৮/০৩/২০২৩ খ্রি. (২৬ মার্চ বন্ধ) | ৫ম | ২৫/০৪/২০২৪ খ্রি. থেকে ২৯/০৪/২০২৪ খ্রি. |
| ২য় | ২৯/০৩/২০২৪ খ্রি. থেকে ০২/০৪/২০২৩ খ্রি. | ৬ষ্ঠ | ৩০/০৪/২০২৪ খ্রি. থেকে ০৫/০৫/২০২৪ খ্রি. (০১ মে বন্ধ) |
| ৩য় | ০৩/০৪/২০২৪ খ্রি. থেকে ০৮/০৪/২০২৩ খ্রি. (০৭ এপ্রিল বন্ধ) | ৭ম | ০৬/০৫/২০২৪ খ্রি. থেকে ১০/০৫/২০২৪ খ্রি. |
| ৪র্থ | ২০/০৪/২০২৪ খ্রি. থেকে ২৪/০৪/২০২৪ খ্রি. | | |

সংযুক্ত : নীতিমালা- ২ পাতা

১৮/০৩/২০২৪
(মোঃ ছায়েদুর রহমান)
ইন্সট্রাক্টর
উপজেলা রিসোর্স সেন্টার
কাহালু, বগুড়া।

উপজেলা শিক্ষা অফিসার
কাহালু, বগুড়া।

স্মারক নং: ৩৮.০১.১০৫৪.০০০.২৫.০১৪.২৩-১৯(১০)

তারিখ: ০৪ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ
১৮ মার্চ, ২০২৩ খ্রি.

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-
১. পরিচালক (পলিসি এন্ড অপারেশন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
২. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বগুড়া।
৪. সুপারিনটেনডেন্ট, বগুড়া পিটিআই, বগুড়া।
৫. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কাহালু, বগুড়া।
৬. সহকারী উপজেলা শিক্ষা অফিসার(সকল), কাহালু, বগুড়া।
৭. অফিস কপি।

১৮/০৩/২০২৪
(মোঃ ছায়েদুর রহমান)
ইন্সট্রাক্টর
উপজেলা রিসোর্স সেন্টার
কাহালু, বগুড়া।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

স্মারক নংঃ ৩৮.০১.০০০০.৪০১.২৫.১৫৬.২১- ৩০৭

তারিখঃ ২৮ ফাল্গুন ফেব্রুয়ারি ১৪৩০
১২ মার্চ ২০২৪

বিষয়: চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি৪) এর সাব-কম্পোনেন্ট Special Education Needs and Disabilities (SEND) এর আওতায় ২০২৩-২৪ অর্থ বছরে ইউআরসি/টিআরসিসমূহে ''একীভূতকরণের কৌশল: শিখন-শেখানো এবং মূল্যায়ন'' শীর্ষক প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি৪) এর সাব-কম্পোনেন্ট Special Education Needs and Disabilities (SEND) -এর আওতায় ০৫ (পাঁচ) দিন ব্যাপি ''একীভূতকরণের কৌশল: শিখন-শেখানো ও মূল্যায়ন'' বিষয়ক শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত ২০২৩-২৪ অর্থ বছরে ইউআরসি/টিআরসিসমূহে শিক্ষকগণের প্রশিক্ষণ আয়োজন ও প্রশিক্ষণের ব্যয় নির্বাহকল্পে ২০২৩-২৪ অর্থ বছরের আনুমোদিত এওপি নং ১৪৮-০১ হতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ৩৮.০১.০০০০.৫০০.০২৯.০৭৮.২০১৯-৭৭০, তারিখ ০৭ মার্চ ২০২৪ মোতাবেক প্রয়োজনীয় অর্থ ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টরগণের অনুকূলে ছাড় করা হয়েছে। বরাদ্দকৃত অর্থ হতে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসারে বর্ণিত শিক্ষক প্রশিক্ষণ আয়োজন করতে হবে:

ক) অর্থ ব্যয়ের নির্ধারিত শর্তসমূহ অনুসরণপূর্বক এতদসংগে সংযুক্ত বাজেট বিভাজন অনুসরণ করে বরাদ্দকৃত অর্থ ব্যয় করতে হবে। ইউআরসি/টিআরসিসমুহের ইন্সট্রাক্টরগণ প্রশিক্ষণে আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন এবং তিনি যে কোন আর্থিক অনিয়মের জন্য ব্যক্তিগত ভাবে দায়ী থাকবেন।

খ) বর্ণিত প্রশিক্ষণটি আগামী মে, ২০২৪ এর মধ্যে সম্পন্ন করতে হবে। প্রাশক্ষণ শুরুর পূর্বে অবশ্যই সংশ্লিষ্ট বিভাগকে অবহিত করতে হবে (ই-মেইল dpeaiec@gmail.com, মোবাইল নম্বর- ০১৫৫২৩২২৯০৭, ০১৭২২৯২৫২০৬)। অনিবার্য কারণে সময়সুচি পরিবর্তন করতে হলে পরিচালক (পলিসি এন্ড অপারেশন) এর পূর্বানুমতি গ্রহণ করতে হবে। সাপ্তাহিক ছুটির দিন (শুক্র ও শনিবার) প্রশিক্ষণ চলমান থাকবে। শুধুমাত্র সরকার কর্তৃক নির্ধারিত ছুটির দিনসমূহে প্রশিক্ষণ বন্ধ থাকবে।

গ) ''একীভূতকরণের কৌশল: শিখন-শেখানো এবং মূল্যায়ন'' বিষয়ক প্রশিক্ষণে প্রত্যেক বিদ্যালয় হতে প্রধান শিক্ষক এবং ১ জন সহকারী শিক্ষক আবশ্যিকভাবে অংশগ্রহণ করবেন।

ঘ) প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী হিসেবে মনোনীত সহকারী শিক্ষকগণের নিম্নবর্ণিত যোগ্যতা থাকতে হবে:

১. শিক্ষক হিসেবে নূন্যতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে;
২. সমাজ বিজ্ঞান/শিক্ষা বিজ্ঞান/মনোবিজ্ঞান বিষয়ে ব্যাচেলর/অনার্স/মাস্টাস ডিগ্রীধারী সহকারী শিক্ষককে অগ্রাধিকার প্রদান করতে হবে;
৩. বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের বিষয়ে আন্তরিক এবং পাঠদানে দক্ষ সহকারী শিক্ষককে অগ্রাধিকার প্রদান করতে হবে;
৪. প্রশিক্ষণে আগ্রহী ও প্রশিক্ষক হিসেবে দক্ষতা সম্পন্ন সহকারী শিক্ষককে অগ্রাধিকার প্রদান করতে হবে এবং
৫. প্রধান শিক্ষক পুরুষ হলে নির্ধারিত যোগ্যতাসম্পন্ন মহিলা সহকারী শিক্ষককে অগ্রাধিকার প্রদান করতে হবে।

ঙ) সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসারগণ নির্ধারিত যোগ্যতা অনুসারে অংশগ্রহণকারীগণের নাম, পদবী ও অন্যান্য তথ্যাদি উল্লেখপূর্বক ''একীভূতকরণের কৌশল: শিখন-শেখানো এবং মূল্যায়ন'' বিষয়ক প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য ব্যাচভিত্তিক মনোনয়ন প্রদান করবেন। সংশ্লিষ্ট ইন্সট্রাক্টর প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণের তথ্য উপজেলা/থানা শিক্ষা অফিসারের সঙ্গে সমন্বয়পূর্বক IPEMIS এ এন্ট্রি করবেন। তথ্য এন্ট্রিজনিত কোন সমস্যা হলে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আইএমডি বিভাগের সাথে ই-মেইল (helpimddpe@gmail.com) যোগাযোগ করা যেতে পারে।

চ) প্রশিক্ষণার্থীদের সকাল ৮:৩০ ঘটিকায় প্রশিক্ষণ ভেন্যুতে উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং প্রতিদিন সকাল ৮:৩০ টা থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করতে হবে।

ছ) প্রশিক্ষণার্থীগণ প্রদত্ত লিঙ্কে (https://www.dpe.gov.bd/site/notices/1ca8e8ae-ecb7-413b-9ae0-f3f7e1293275/Special-Education-Needs-And-Disability-SEND-Framework) আবশ্যিকভাবে প্রবেশ করে একীভূত শিক্ষা বিষয়ক প্রয়োজনীয় তথ্যাদি অবহিত হয়ে প্রশিক্ষণের প্রথম দিনে প্রি-টেস্টে অংশগ্রহণ করবেন।

জ) ইন্সট্রাক্টরগণ সংশ্লিষ্ট পিটিআই সুপারিনটেনডেন্ট-এর নিকট হতে ''একীভূতকরণের কৌশল: শিখন-শেখানো এবং মূল্যায়ন'' বিষয়ক প্রশিক্ষকগণের (ToT) গ্রেডভিত্তিক তালিকা সংগ্রহপূর্বক নির্ধারিত যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষক দ্বারা শিক্ষক প্রশিক্ষণ পরিচালনা করবেন। প্রতি ব্যাচে ট্রেইনার হিসেবে সংশ্লিষ্ট উপজেলা/থানার প্রশিক্ষণপ্রাপ্ত সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসারের মধ্য হতে ১ জন এবং প্রধান/সহকারী শিক্ষকের মধ্য হতে ১ জনকে প্রশিক্ষক হিসেবে নিযুক্ত করতে হবে। এক্ষেত্রে ToT প্রশিক্ষণে প্রদত্ত গ্রেড অনুসরণ করে অগ্রাধিকার ভিত্তিতে ট্রেইনার নিযুক্ত

করতে হবে। সংশ্লিষ্ট উপজেলা/থানায় প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন ToT প্রশিক্ষণ প্রাপ্ত প্রশিক্ষক না পাওয়া গেলে কিংবা কোন কারণে প্রশিক্ষকের স্বল্পতা থাকলে সংশ্লিষ্ট জেলার বর্ণিত বিষয়ে মাস্টার ট্রেইনার প্রশিক্ষণ প্রাপ্ত প্রশিক্ষক দ্বারা শিক্ষক প্রশিক্ষণ পরিচালনা করা যাবে।

ঝ) প্রশিক্ষকগণ সূচনা ফাউন্ডেশনের কারিগরী সহযোগিতায় প্রণয়নকৃত প্রশিক্ষণ ম্যানুয়াল দ্বারা প্রশিক্ষণ পরিচালনা করবেন। উল্লেখ্য ইতোমধ্যে প্রশিক্ষকগণের জন্য প্রয়োজনীয় সংখ্যক (৪ সেট) ''একীভূতকরণের কৌশল: শিখন-শেখানো এবং মূল্যায়ন'' শীর্ষক প্রশিক্ষণ নির্দেশিকা ও তথ্যপত্র প্রতিটি উপজেলা/থানা শিক্ষা অফিসে প্রেরণ করা হয়েছে। সংশ্লিষ্ট ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টর প্রশিক্ষণ শুরুর পুর্বেই প্রশিক্ষণ পরিচালনার জন্য প্রশিক্ষকগণের চাহিদা মতো প্রয়োজনীয় উপকরণ সরবরাহ করবেন। এছাড়া বাজেট বিভাজন মোতাবেক প্রশিক্ষণার্থীদের কোর্স ম্যাটেরিয়ালস প্রশিক্ষণের ১ম দিনে সরবরাহ করবেন।

ঞ) ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টরগণ কোর্স কো-অর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালন করবেন। উল্লেখ্য, কোর্স কো-অর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালনের সময় একই ব্যক্তি অন্য কোন প্রশিক্ষণের প্রশিক্ষক/কো-অর্ডিনেটর/প্রশিক্ষণার্থী/সহায়ক কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন না।

ট) প্রশিক্ষণ কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়নের নিমিত্ত প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তা/বিভাগীয় উপপরিচালক/জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা/পিটিআই সুপারিনটেনডেন্ট/ উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তা রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত থাকবেন এবং সম্মানী ও খাবার ভাতা প্রাপ্য হবেন। রিসোর্স পার্সনের তালিকা পরবর্তীতে প্রেরণ করা হবে।

ঠ) প্রশিক্ষণার্থী ও প্রশিক্ষকগণ সরকারি বিধি মোতাবেক যাতায়াত ও অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন।

ড) নবসৃষ্ট নিম্নোক্ত উপজেলা/থানা শিক্ষকগণের প্রশিক্ষণ ব্যয় নিম্নবর্ণিত সাবেক উপজেলা/থানায় প্রেরণ করা হয়েছে। তাই নবসৃষ্ট উপজেলা/থানাসমূহের শিক্ষকগণ সংশ্লিষ্ট সাবেক উপজেলা/থানা হতে প্রশিক্ষণ গ্রহণ করবেন। এক্ষেত্রে ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টর উভয় উপজেলা/থানার শিক্ষা অফিসারের সাথে সমন্বয়পূর্বক ব্যাচ এর শিক্ষক নির্বাচন করবেন।

| জেলা: | চট্টগ্রাম | খাগড়াছড়ি | কুমিল্লা | নাটোর | হবিগঞ্জ | সিলেট | ময়মনসিংহ |
|---|---|---|---|---|---|---|---|
| নবসৃষ্ট উপজেলা (ব্যাচ): | কর্নফুলী (২) | গুইমারা (২) | লালমাই (৪) | নলডাংগা (৪) | শায়েস্তাগঞ্জ (১) | ওসমানীনগর (৭) | তারাকান্দা (৭) |
| সাবেক উপজেলা (ব্যাচ): | পটিয়া (৭) | মাটিরাঙ্গা (৬) | লাকসাম (৫) | সদর (৬) | সদর (৭) | বালাগঞ্জ (৪) | ফুলপুর (৭) |

ঢ) প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীগণের গ্রেড ভিত্তিক মূল্যায়ন করে প্রতিবেদন উপজেলা/থানা শিক্ষা অফিসারের নিকট প্রেরণ করতে হবে। একইভাবে প্রশিক্ষকগণেরও মূল্যায়ন করতে হবে এবং তা স্থায়ীভাবে সংরক্ষণের ব্যবস্থা করতে হবে। প্রশিক্ষণের সমাপনী দিনে সকল অংশগ্রহণকারীকে প্রশিক্ষণে অংশগ্রহণ সম্পর্কিত সনদ পত্র প্রদান করতে হবে।

ণ) প্রশিক্ষণ সমাপ্তির ০৩(তিন) কর্মদিবসের মধ্যে প্রশিক্ষণের নাম, প্রশিক্ষকের নাম, প্রশিক্ষণার্থীর সংখ্যা (পুরুষ-নারী উল্লেখপূর্বক), পদবী, কর্মস্থল, মোবাইল নম্বর, ই-মেইল ঠিকানা ও প্রশিক্ষণের বিস্তারিত প্রতিবেদনসহ ব্যয় বিবরণী (SoE) পরিচালক (পলিসি এন্ড অপারেশন) বরাবর প্রেরণ করবেন।

সংযুক্তি: ১। উপজেলা/থানা ওয়ারি বরাদ্দপত্রের কপি- পাতা।
২। বাজেট বিভাজনের কপি- ০১ পাতা।

২২/০৬/২০২২

মনীষ চাকমা
পরিচালক (পলিসি এন্ড অপারেশন)
ফোন: ৫৫০৭৪৯১৮
dirpolicydpe@gmail.com

ইন্সট্রাক্টর
উপজেলা/থানা রিসোর্স সেন্টার (সকল)

অনুলিপি:

১. পরিচালক, প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন/অর্থ/পরিবীক্ষণ ও মূল্যায়ন/ আইএমডি/ প্রকিউরমেন্ট, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
২. ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
৩. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল বিভাগ)।
৪. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল) [গ, ঘ ও ঙ অনুচ্ছেদ অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ]।
৫. সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল)।
৬. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল জেলা)।
৭. উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল) [সহযোগিতা প্রদানের অনুরোধসহ]।
৮. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
৯. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি৪) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. অফিস কপি।